

বোদায় ভুল প্রশ্নে পরীক্ষক ও কেন্দ্র সচিবকে শোকজ

■ বোদা (পঞ্চগড়) প্রতিনিধি

পঞ্চগড়ের বোদা মডেল স্কুল এন্ড কলেজ এসএসসি পরীক্ষা কেন্দ্রে ভুল প্রশ্নে পরীক্ষা নেয়ার ঘটনায় কেন্দ্রসচিব জামিউল হক ও পরীক্ষা কেন্দ্রের সহায়ক কর্মকর্তা বোদা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আলী শাহরিয়ারকে গত বুধবার শোকজ করেছে বোদা উপজেলা নির্বাহী অফিসার মোঃ তোফাজ্জিল হোসেন। জানা গেছে গত মঙ্গলবার বোদা মডেল স্কুল এন্ড কলেজ এসএসসি পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত জীববিজ্ঞান পরীক্ষায় ক স্টেটের পরিবর্তে খ স্টেটে ১৬২ জন পরীক্ষার্থী পরীক্ষা দেয়। দিনাজপুর শিক্ষা বোর্ডের অধীনে সকল এসএসসি পরীক্ষা কেন্দ্র ক স্টেটে পরীক্ষা অনুষ্ঠিত হলেও শুধুমাত্র বোদা মডেল স্কুল এন্ড কলেজ কেন্দ্রে ভুল প্রশ্নে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। স্টেট পরিবর্তনে পরীক্ষা অনুষ্ঠিত হওয়ায় ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের মধ্যে হতাশা দেখা দেয়। তারা কেন্দ্রসচিবসহ পরীক্ষায় সর্বশ্রেষ্ঠ ব্যক্তিবৃন্দ বিচারের দাবিতে বিক্ষোভ প্রদর্শনসহ সভক অবরোধ করে। পরে পঞ্চগড় জেলা প্রশাসকের পক্ষ নির্বাহী ম্যাজিস্ট্রেট ইলিয়াজ বেহেদি ও উসমান গণি দোযীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের আহ্বাস মিলে শিক্ষার্থীরা অবরোধ প্রত্যাহার করে নেয়। চলতি এসএসসি পরীক্ষায় অন্য কেন্দ্রের ছাত্রকে নিজ কেন্দ্রে পরীক্ষা দেয়ার সুযোগ দেয়ায় ওই কেন্দ্রসচিবকে শোকজ করে দিনাজপুর শিক্ষা বোর্ড। কেন্দ্রসচিব জামিউল হক ভুল প্রশ্নে পরীক্ষা নেয়ার কথা স্বীকার করে বলেন ভুলবশত এমনটি হয়েছে।